মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

স্মারকনং-বশিবো/বিনি/২০২১/০৩(৬ষ্ঠ খন্ড)/২৭৮৬ তারিখঃ ২৯/০৮/২০২১ খ্রিঃ

সংশোধিত বিজ্ঞপ্তি

বিষয় : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে নবম শ্রেণির শিক্ষার্থীদের নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি (পঠন বাধ্যতামূলক)।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে জানানো যাচ্ছে যে,২০২১-২০২২ শিক্ষাবর্ষের নবম শ্রেণির শিক্ষার্থীদের (২০২৩ সালের এসএসসি পরীক্ষার্থী) নিবন্ধন প্রক্রিয়া Online এর মাধ্যমে সম্পন্ন করার নির্ধারিত ফি, সময়সূচি ও নির্দেশাবলী নিম্নরূপঃ

০১। দেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা মাধ্যমিক পর্যায়ে যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে (সাধারণ/কারিগরি/মাদরাসা) ৯ম শ্রেণিতে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

০২। জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই ২০২১-২০২২ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে নিবন্ধন করতে পারবে।

০৩। কোন ছাত্র/ছাত্রীর বয়স ১লা জানুয়ারি (পরীক্ষার বছর-২০২৩) ১৪ বছরের কম বা ২০ বছরের বেশী হলে উক্ত ছাত্র/ছাত্রীর নিবন্ধন বাতিল হবে।

০৪। নির্ধারিত তারিখের পর নিবন্ধনের প্রস্তাব বা টিটি গ্রহণ করা হবে না।

০৫। স্বীকৃতি নবায়ন/পাঠদানের অনুমতির মেয়াদ **৩১/১২/২০২১** তারিখ পর্যন্ত অবশ্যই নবায়ন থাকতে হবে। যে সকল বিদ্যালয়ের স্বীকৃতি/পাঠদানের অনুমতি প্রক্রিয়াধীন তার প্রমানপত্র বিদ্যালয় পরিদর্শককে অবহিত করতে হবে ।

০৬। মানবিক বিভাগ ব্যতীত অন্য কোন বিভাগের অনুমতি/বিশেষ অনুমতি /নির্ধারিত ফি দিয়ে অনুমতির জন্য আবেদন না থাকলে ঐ সকল বিভাগের শিক্ষার্থীদের তথ্য Online এ প্রেরণ করা যাবে না।

০৭। কোন বিভাগ/বিষয়ের স্থায়ী অনুমতি না থাকলে নিবন্ধনকালে সে সকল বিভাগ/বিষয় গ্রহণ করতে চাইলে তার বিশেষ অনুমতির আবেদন ও টি.টি স্লিপের সত্যায়িত কপি বিদ্যালয় পরিদর্শক বরাবর প্রেরণ করতে হবে।

০৮। জেলা / উপজেলার সকল বালিকা ও সহশিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের নিকট হতে আদায়কৃত গার্লস গাইড ফিসের অর্থ সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসের আওতাধীন গার্লস গাইড তহবিলে জমা দিয়ে রশিদের কপি এবং গার্লস গাইড রেজিষ্ট্রেশন ফিসের টাকা ডিডির মাধ্যমে বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন, বরিশাল অঞ্চল বরাবর জমা দিয়ে পরিশোধের কপি বোর্ডে প্রেরণ করতে হবে।

০৯। জেলা ও উপজেলা স্কাউট ফি সংশ্লিষ্ট জেলায় ও উপজেলায় জমা দিয়ে রশিদের কপি এবং বিশ্ব স্কাউট ফি (বিদ্যালয় প্রতি) ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা বাংলাদেশ স্কাউটস,বরিশাল অঞ্চলের বরাবর পরিশোধ করে পরিশোধের রশিদ ই-মেইলে প্রেরণ করতে হবে ।

১০। রেড ক্রিসেন্ট ফি বাবদ ৯ম ও ১০ ম শ্রেণীতে (১০+১০)=২০/- টাকা হারে (শিক্ষার্থী প্রতি) এককালীন আদায় করতে হবে। আদায়কৃত অর্থের ৬০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে।

১১। বিভাগওয়ারী রোলের ধারাবাহিকতা রক্ষা করতে হবে এবং কোন বিদ্যালয়ে যদি একাধিক শাখা থাকে তবে "ক" শাখায় ১-৫০ পর্যন্ত রোল নম্বর থাকলে "খ" শাখায় ৫১ থেকে শুরু করতে হবে (একই রোল ২ বার ব্যবহার করা যাবে না)।

১২। কোন শিক্ষার্থী একাধিক বিদ্যালয়ে নিবন্ধন করলে ঐ শিক্ষার্থীর নিবন্ধন বাতিল বলে গন্য হবে।

১৩। যে সকল ছাত্র/ছাত্রীদের নিবন্ধনের লক্ষ্যে Online তথ্য প্রেরণ করা হবে তাদের গ্রুপ/বিষয় কোড সংশোধনের জন্য Online তথ্য প্রেরণের পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদন করতে হবে। নির্দিষ্ট সময়ের পরে বিভাগ পরিবর্তনের জন্য ৮০০/-(আটশত) টাকা এবং বিষয় কোড পরিবর্তনের জন্য ৫০০/-(পাঁচশত) টাকার ডিডি/পে-অর্ডারসহ বিদ্যালয় পরিদর্শকের নিকট আবেদন করতে হবে।

চলমান

ক্রমিক: ছাত্র/ছাত্রী প্রতি ফি এর বিবরণ		ফি এর পরিমান
ক)	নিবন্ধন ফি	১০০.০০ টাকা
খ)	ক্রীড়া ফি	৫০.০০ টাকা
গ)	স্কাউট/গার্লস্ গাইড ফি	১৫.০০ টাকা
ঘ)	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	৫.০০ টাকা
ঙ)	প্রতিবন্ধী ফি	৫.০০ টাকা
চ)	রেড ক্রিসেন্ট ফি	৮.০০ টাকা
ছ)	ই-সার্ভিস চার্জ	১৭.০০ টাকা
জ)	বি.এন.সি.সি ক্যাডেটদের প্রশিক্ষণ ও কল্যান ফি	৫.০০ টাকা
	মোট নিবন্ধন ফি =	২০৫.০০ টাকা

নির্ধারিত ফি ও সময়সূচিঃ

ঝ) বার্ষিক এককালীন ক্রীড়া মঞ্জুরী ফি (বিদ্যালয় প্রতি) ৩০০.০০ টাকা

১৪। অনলাইনে ফি জমা দেয়ার তারিখ ০৯/০৯/২০২১ হতে ২২/০৯/২০২১ পর্যন্ত।

১৫। সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা অ্যাপসের মাধ্যমে নিবন্ধন ফি জমা দিতে হবে। এ সংক্রান্ত ম্যানুয়াল বরিশাল শিক্ষাবোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটের (www.barisalboard. gov.bd) প্যানেল লিংকের esif SSC-2023 এ যথাসময়ে প্রকাশ করা হবে।

১৬। অন লাইনে নিবন্ধন করার (eSIF Data entry পূরণের) তারিখ ঃ সোনালী ই- সেবা অ্যাপসের মাধ্যমে ফি জমা দেয়ার পরের দিন থেকে ২১/১০/২০২১ খ্রি. পর্যন্ত।

১৭। নবম শ্রেনীর নিবন্ধনের ক্ষেত্রে নবম শ্রেনীর Password ব্যবহার করতে হবে। কোন অবস্থায়ই জেএসসি Password ব্যবহার করা যাবে না।

বি:দ্র:- নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ আদায় করলে তার জন্য প্রতিষ্ঠান প্রধান নিজেই দায়ী থাকবেন। অতিরিক্ত অর্থ আদায়ের প্রমান পাওয়া গেলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৭/০৮/২০২১

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
২৭.০৮.২১ বরিশাল।

প্রধান শিক্ষক
অত্র বোর্ডের আওতাধীন সকল
স্বীকৃতি প্রাপ্ত ও পাঠদানের অনুমতি প্রাপ্ত
মাধ্যমিক বিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ:

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
০২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৩। হিসাব রক্ষন কর্মকর্তা , মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৪। সিস্টেম এনালিষ্ট (ভারপ্রাপ্ত), কম্পিউটার কেন্দ্র, বরিশাল ।
০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)..........(অধিক্ষেত্রাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধসহ)।
০৬। পি,এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
০৭। সংরক্ষণ ।